# মানিকগঞ্জ পৌরসভা কার্যালয়, মানিকগঞ্জ

প্রশাসন বিভাগ

সাধারণ শাখা

www.manikganjpourashava.com

"শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন"

স্মারক নং- মাপৌ/ প্রশাঃসাধাঃ-২০২৪/৪০০ তারিখ ঃ ২০/০৩/২০২৪ খ্রি.

## মানিকগঞ্জ পৌরসভা শহর সমন্বয় কমিটি (TLCC) সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভা নম্বর | ঃ ১৩ (তেরো) |
| সভার সভাপতি | ঃ জনাব মোঃ রমজান আলী, মেয়র, মানিকগঞ্জ পৌরসভা ও চেয়ারপার্সন, শহর সমন্বয় কমিটি (TLCC) মানিকগঞ্জ পৌরসভা |
| সভার নাম | ঃ পৌরসভা শহর সমন্বয় কমিটির (TLCC) সভা, মানিকগঞ্জ পৌরসভা |
| তারিখ | ঃ ২০ মার্চ ২০২৪ ইং |
| বার | ঃ বুধবার |
| সময় | ঃ সকাল ১১.০০ ঘটিকা |
| সভার স্থান | ঃ পৌরসভার সভা কক্ষ |

সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দ ঃ (পরিশিষ্ট-ক)

সভার চেয়ারপারসন মহান আল্লাহর নিকট কোটিকোটি শুকরিয়া জানানো সহ অদ্যকার সভায় উপস্থিত সকল সদস্যকে পবিত্র মাহে রমজানের খোশ আমদেদ জানান। তিনি সকল সদস্যদেরকে পর্যায়ক্রমে গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনার জন্য অনুরোধ করেন এবং পৌর নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ বজলুর রহমানকে অদ্যকার সভার আলোচ্য সূচী উপস্থাপন পূর্বক সভার পরবর্তী কার্যক্রম গ্রহণের অনুরোধ জানান।

আলোচ্য সূচি-০১ ঃ **পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন ঃ-**

**আলোচনা** ঃ সভায় চেয়ারপারসন কর্তৃক নির্দেশিত হয়ে পৌর নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ বজলুর রহমান পূর্ববর্তী সভার কার্যবিবরণী উপস্থিত সকলের উদ্দেশ্যে পাঠ করে শোনান। পৌর নির্বাহী কর্মকর্তা কর্তৃক পঠিত কার্যবিবরণীর উপর বিস্তারিত আলোচনা করা হয়।

**সিদ্ধান্ত** ঃ বিগত সভার কার্যবিবরণীর উপর বিস্তারিত আলোচনা ও শ্রবণান্তে কোনরূপ পরিবর্তন ও সংশোধন না থাকায় পূর্ববর্তী সভার কার্যবিবরণী অনুমোদনের সুপারিশ সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।

আলোচ্য সূচি-০২ ঃ **বাংলাদেশ সরকার, ADB & AFD এর আর্থিক সহায়তায় বাস্তবায়নাধীন নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্পের (IUGIP) আওতায় প্রণীত Urban Governance Improvement Action Plan (UGIAP) এ বর্ণিত কার্যক্রম বাস্তবায়নে প্রেরিত ক্রাইটেরিয়া বাস্তবায়ন সংক্রান্ত আলোচনা ঃ**

আলোচনা ঃ পৌর নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ বজলুর রহমান সভাকে জানান যে, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প (IUGIP) এলজিইডি ভবন, লেভেল-১২, আগারগাও, শেরেবাংলা নগর, ঢাকা- ১২০৭ এর স্মারক নং- ৪৬.০২.০০০০.৭৯৬.১৪.১০৩.



মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

২০২৩.১১৯৬ (৮৮) তারিখঃ ১৩/১২/২০২৩ খ্রি. পত্রের ০৯(নয়) টি ক্রাইটেরিয়া সভায় উপস্থাপন করেন। ক্রাইটেরিয়া সমুহ নিম্নরূপ ঃ

০১। **নাগরিক সচেতনতা ও অংশগ্রহণ ঃ**

(ক) নাগরিক সচেতনতা ও অংশগ্রহণ বিষয়ে UGIAP বর্ণিত কার্যক্রম সমূহ বাস্তবায়নে পৌরসভায় নিয়মিত ভাবে TLCC কমিটির সভা অনুষ্ঠান, WLCC কমিটির সভা অনুষ্ঠান এবং TLCC সভার বিভিন্ন সুপারিশ, WLCC সভার বিভিন্ন সুপারিশ, পৌর পরিষদ সভায় আলোচনা এবং WLCC কমিটি গঠন ও সভা করার জন্য নির্দেশনা রয়েছে।

(খ) মানিকগঞ্জ পৌরসভায় ও বিভিন্ন ওয়ার্ডে নাগরিক সনদ অর্থাৎ সিটিজেন চার্টার প্রস্তুত ও হালনাগাদ করে প্রকাশের নির্দেশনা রয়েছে। ইতিমধ্যে সিটিজেন চার্টার হালনাগাদ করা হয়েছে।

(গ) প্রকল্পে নির্দেশনা মোতাবেক GRC কমিটি গঠন করা সহ কমিটির কার্যক্রম গ্রহনের নির্দেশনা রয়েছে। উল্লেখিত নাগরিক সচেতনতা অংশগ্রহন বিষয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে প্রকল্প অফিসের নির্দেশনা মোতাবেক নাগরিক সচেতনতা ও অংশগ্রহণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম ইতোমধ্যে বাস্তবায়ন হচ্ছে এবং প্রকল্পের নির্দেশনা মতে বাস্তবায়নের সুপারিশ সর্বসম্মতিক্রমে গৃহিত হলো। নাগরিক সচেতনতা বৃদ্ধির লক্ষে হালনাগাদ সিটিজেন চার্টার সংযুক্ত করা হয়েছে যাহা সর্বসম্মতিক্রমে অনুমোদনের সুপারিশ গৃহিত হলো।

০২। **নগর পরিকল্পনা ঃ** নগর পরিকল্পনা বিষয়টি সভায় উপস্থাপন করা হয় এ বিষয়ে মানিকগঞ্জ পৌরসভার প্রকৌশল বিভাগকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানো হয়।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে প্রকল্প অফিসের নির্দেশনা মোতাবেক নগর পরিকল্পনা সংক্রান্ত কার্যক্রম প্রকৌশল বিভাগকে গ্রহন ও বাস্তবায়ন পূর্বক TLCC কে অবহিত করার সুপারিশ সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।

০৩। **নারী ও শহরে দরিদ্র জনগোষ্ঠির সমতা ও অন্তর্ভুক্তিকরণ ঃ** মানিকগঞ্জ পৌরসভায় প্রকল্পের নির্দেশনা অনুযায়ী নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি গঠিত হয়েছে এবং নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি সভা নিয়মিত ভাবে অনুষ্ঠিত হচ্ছে। পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, ইতোপূর্বে মানিকগঞ্জ পৌরসভায় স্লাম পেভেলপমেন্ট কমিটি নামে ২০ (বিশ)টি কমিটি গঠিত ছিল। বর্তমানে তাহা নাম পরিবর্তন হয়ে নিম্ন আয়ের কমিউনিটি এলাকা হিসেবে চিহ্নিত হয়ে ২২(বাইশ)টি কমিটিতে গঠিত হয়েছে। উক্ত ২২(বাইশ)টি কমিউনিটির নামের তালিকা সভায় উপস্থাপন করা হয় এবং সকলকে কমিউনিটির নামের তালিকা পড়ে শুনানো হয়। প্রকল্পে নির্দেশনা মোতাবেক নারী ও শহরে দরিদ্র জনগোষ্ঠির সমতা ও অন্তর্ভুক্তিকরণ কার্যক্রম চলমান অবস্থায় রয়েছে। ২২(বাইশ)টি নিম্নআয়ের কমিনিটি নামের তালিকা নিম্নরূপ ঃ

| ক্রঃনং | বস্তি/হতদরিদ্র এলাকার নাম | ওয়ার্ড | অবস্থান/মহল্লা |
|---|---|---|---|
| ০১ | পশ্চিম সেওতা | ১ | পশ্চিম সেওতা |
| ০২ | উচুটিয়া লৌহকার পাড়া | ২ | উচুটিয়া |
| ০৩ | নওখন্ডা ঋষিপাড়া | ৩ | নওখন্ডা |
| ০৪ | বকজুরী | ৪ | বকজুরী |



মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

| | | | |
|---|---|---|---|
| ০৫ | পূর্ব দাশড়া ঋষিপাড়া | ৫ | পূর্ব দাশড়া |
| ০৬ | পশ্চিম দাশড়া ঋষিপাড়া | ৬ | পশ্চিম দাশড়া |
| ০৭ | মাঝি পাড়া (বান্দুটিয়া) | ৭ | বান্দুটিয়া |
| ০৮ | জয়নগর মাঝিপাড়া | ৮ | জয়নগর |
| ০৯ | নয়াকান্দি (খালপাড়) | ৯ | নয়াকান্দি |
| ১০ | সুরুন্ডী | ৯ | সুরুন্ডী |
| ১১ | বেউথা(বস্তি) | ৯ | বেউথা |
| ১২ | জাগীর ভিটা | ২ | বৈতরা |
| ১৩ | আন্ধারমানিক | ৮ | আন্ধারমানিক |
| ১৪ | পশ্চিম দাশড়া (খালপাড়) | ৬ | পশ্চিম দাশড়া |
| ১৫ | পোড়রা ঋষিপাড়া | ৩ | পোড়রা |
| ১৬ | মত্ত পটল | ৪ | মত্ত পটল |
| ১৭ | ম্যাথোর কলোনী | ৬ | পশ্চিম দাশড়া |
| ১৮ | কান্দা পৌলী | ৭ | কান্দা পৌলী |
| ১৯ | চর বেউথা | ৮ | চর বেউথা |
| ২০ | পশ্চিম দাশড়া (লঞ্চঘাটা) | ৬ | পশ্চিম দাশড়া |
| ২১ | চর হিজুলী (কলির মোড়) | ৪ | হিজুলী |
| ২২ | পটল বিল | ৫ | পটল বিল |

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে প্রকল্প অফিসের নির্দেশনা মোতাবেক নারী ও শহরে দরিদ্র জনগোষ্ঠির সমতা ও অন্তর্ভুক্তিকরণ সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নের সুপারিশ সর্বসম্মতিক্রমে গৃহিত হলো এবং উপরোক্ত কমিটি অনুমোদনের সুপারিশ গৃহিত হলো।

০৪। <u>স্থানীয় সম্পদ আহরণ বৃদ্ধি ঃ</u> প্রকল্পের ক্রাইটেরিয়ায় স্থানীয় সম্পদ আহরণ বৃদ্ধির বিষয়ে উল্লেখ রয়েছে। স্থানীয় সম্পদ আহরণ বৃদ্ধির বিষয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হলো।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে প্রকল্প অফিসের নির্দেশনা মোতাবেক মানিকগঞ্জ পৌরসভায় স্থানীয় সম্পদ আহরণ সংক্রান্ত যাবতীয় কাজ চলমান রয়েছে। প্রকল্পের নির্দেশনা মোতাবেক স্থানীয় সম্পদ আহরণ বিষয়ে বিভিন্নমূখী কার্যক্রম গ্রহনের সুপারিশ সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।

০৫। <u>আর্থিক ব্যবস্থাপনা, দায়বদ্ধতা ও স্থায়িত্বশীলতা ঃ</u> মানিকগঞ্জ পৌরসভায় প্রকল্পের উল্লেখিত ক্রাইটেরিয়া প্রতিপালনের নির্দেশনা রয়েছে। প্রকল্পের নির্দেশনা মোতাবেক বাজেট প্রণয়ন ত্রৈমাসিক রিপোর্ট প্রদান সহ কর্মকর্তা/কর্মচারীদের বেতন ভাতা নিয়মিত ভাবে পরিশোধ করার নির্দেশনা রয়েছে। এ বিষয়ে পৌর নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ বজলুর রহমান সভাকে জানান যে, বর্তমান ২০২৩-২০২৪ অর্থ বৎসর চলমান। চলতি অর্থ বৎসরের মার্চ মাস অতিবাহিত প্রায়। তাই পৌরসভার ২০২৪-২০২৫ অর্থ বছরের বাজেট প্রণয়নের সময় সন্নিকটে। তাই বাজেট প্রস্তুত করার বিষয়ে উপস্থিত সকলকে অবহিত করেন। প্রাক বাজেট করার জন্য আগামী ১০/১৫ দিনের মধ্যে বাজেট বিষয়ে কোন প্রস্তাবনা বা পরামর্শ থাকলে তাহা পৌর নির্বাহী কর্মকর্তাকে জানানোর জন্য উপস্থিত সকলকে অনুরোধ জানান।



মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে প্রকল্প অফিসের নির্দেশনা মোতাবেক বাজেট প্রণয়ন সহ ত্রৈমাসিক রিপোর্ট প্রদান, কর্মকর্তা/কর্মচারীদের বেতন ভাতা নিয়মিত ভাবে পরিশোধ করা, আর্থিক ব্যবস্থাপনা, দায়বদ্ধতা ও স্থায়িত্বশীলতা সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নের সুপারিশ সর্বসম্মতিক্রমে গৃহিত হলো। এবং প্রাক বাজেট করার জন্য আগামী ১০/১৫ দিনের মধ্যে বাজেট বিষয়ে কোন প্রস্তাবনা বা পরামর্শ থাকলে তাহা পৌর নির্বাহী কর্মকর্তাকে জানানোর সুপারিশ গৃহিত হলো।

০৬। **<u>নগর পরিচালন ও রক্ষণাবেক্ষণ (O & M) ব্যবস্থাপনা ব্যয়ের তথ্য</u> ঃ** মানিকগঞ্জ পৌরসভায় প্রকল্পের ক্রাইটেরিয়া মোতাবেক নগর পরিচালন ও রক্ষণাবেক্ষণ (O & M) ব্যবস্থাপনা ব্যয়ের তথ্য প্রদানের নিদের্শনা রয়েছে এবং তথ্য হালনাগাদ করার জন্য বলা হয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়।

**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনান্তে প্রকল্প অফিসের নির্দেশনা মোতাবেক অত্র পৌরসভার নির্বাহী প্রকৌশলীকে ইতোমধ্যে নগর পরিচালন ও রক্ষণাবেক্ষণ (O & M) ব্যবস্থাপনা ব্যয়ের তথ্য হালনাগাদ করে প্রকল্প অফিসে প্রেরণ করার নির্দেশনা প্রদান করা হয়েছে। প্রকল্পের নির্দেশনা মোতাবেক নগর পরিচালন ও রক্ষণাবেক্ষণ (O & M) ব্যবস্থাপনা ব্যয়ের তথ্য প্রকৌশল বিভাগকে হালনাগাদ করার জন্য সর্বসম্মতিক্রমে সুপারিশ গৃহিত হলো।

০৭। **<u>জরিপকৃত রাস্তা, ড্রেন, এবং অন্যান্য সম্পদের তালিকা</u> ঃ** মানিকগঞ্জ পৌরসভায় প্রকল্পের ক্রাইটেরিয়া মোতাবেক জরিপকৃত রাস্তা, ড্রেন, এবং এবং অন্যান্য সম্পদের তালিকা প্রস্তুতের নির্দেশনা রয়েছে। বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে প্রকল্প অফিসের নির্দেশনা মোতাবেক ইতোমধ্যে অত্র পৌরসভার নির্বাহী প্রকৌশলীকে জরিপকৃত রাস্তা, ড্রেন, এবং অন্যান্য সম্পদের তালিকা হালনাগাদ করার নির্দেশনা প্রদান করা হয়েছে। প্রল্পের নির্দেশনা মোতাবেক জরিপকৃত রাস্তা, ড্রেন, এবং অন্যান্য সম্পদের তালিকা হালনাগাদ পূর্বক প্রেরণ করার জন্য সুপারিশ সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।

০৮। **<u>প্রশাসনিক স্বচ্ছতা</u> ঃ** মানিকগঞ্জ পৌরসভায় প্রকল্পের ক্রাইটেরিয়া মোতাবেক প্রশাসনিক স্বচ্ছতার বিষয়ে উল্লেখ রয়েছে। বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে প্রকল্প অফিসের নির্দেশনা মোতাবেক অত্র পৌরসভায় প্রশাসনিক স্বচ্ছতার কাজ বাস্তবায়ন হচ্ছে এবং চলমান রয়েছে। প্রকল্পের নিদের্শনা মোতাবেক প্রশাসনিক স্বচ্ছতা সংক্রান্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের সুপারিশ সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।

০৯। **<u>পৌরসভার প্রয়োজনীয় সেবা সচল রাখা</u> ঃ** মানিকগঞ্জ পৌরসভায় প্রকল্পের ক্রাইটেরিয়া মোতাবেক অত্র পৌরসভার প্রয়োজনীয় সেবা সচল রাখার নির্দেশনা রয়েছে। নির্দেশনা মোতাবেক ইতোমধ্যে ২০২৩-২০২৪ অর্থ বছরের বর্জ্য সংগ্রহ, অপসারণ এবং ব্যবস্থাপনার পরিকল্পনা প্রস্তুত করা, ২০২৩-২০২৪ অর্থ বছরের ড্রেন পরিস্কার ও রক্ষণাবেক্ষণের কর্মপরিকল্পনা প্রস্তুত করা, ২০২৩-২০২৪ অর্থ বছরের সড়ক বাতি কার্যকর রাখার বিষয় কর্মপরিকল্পনা প্রস্তুত করা, ২০২৩-২০২৪ অর্থ বছরের স্যানিটেশন কার্যক্রমের ব্যবস্থাপনার কর্মপরিকল্পনা প্রস্তুত করা হয়েছে। উপরোক্ত বিষয় সমূহ নিয়ে বিস্তারিত আলোচনা হয়।



মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে প্রকল্প অফিসের নির্দেশনা মোতাবেক প্রস্তুতকৃত কর্মপরিকল্পনা অত্র সভায় আলোচনা পুর্বক অনুমোদনের সুপারিশ সর্ব সম্মতিক্রমে গৃহিত হলো। পৌর পরিষদে আলোচনা পূর্বক পকল্প অফিসে প্রেরণের সুপারিশ করা হলো।

**আলোচ্য সূচি-৩ ঃ** **মানিকগঞ্জের ব্রান্ড জাতীয় ও আন্তর্জাতিক ভাবে পরিচিতি ও প্রকাশের জন্য বেউথা ঘাট মোড়ে লোক সংগীত আর হাজারী গুড় মানিকঞ্জের প্রাণের সুর প্রতিপাদ্যকে ধারণ করে হাজারি গুড়ের প্রতিকৃতি স্থাপন, জেলা প্রশাসকের কার্যালয় সংলগ্ন ঘড়ি নির্মান ও মানিকগঞ্জ বাসস্ট্যান্ড বঙ্গবন্ধুর মোড়াল স্থাপন প্রকল্প ঃ-**

**আলোচনা ঃ** মেয়র সভাকে জানান যে, মানিকগঞ্জ পৌরসভার মাধ্যমে ইতোপূর্বে প্রকল্প অফিসে পিডিপি প্রেরণ করা হয়েছিল। আপনারা জেনে খুশি হবেন যে, উক্ত প্রেরিত পিডিপির প্রকল্প সমূহ অনুমোদন হয়েছে। উক্ত প্রকল্পের বিপরীতে প্রায় ৫০ (পঞ্চাশ কোটি) টাকা বরাদ্দ পাওয়ার বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে। মানিকগঞ্জ পৌরসভায় IUGIP প্রকল্পের কাজ চলমান রয়েছে। IUGIP প্রকল্পের মাধ্যমে বিভিন্ন ধরনের কাজ বাস্তবায়ন করার সুযোগ রয়েছে। তাই মানিকগঞ্জ পৌরসভাকে বিশ্ব দরবারে পরিচিতির লক্ষ্যে মানিকগঞ্জের ব্রান্ড জাতীয় ও আন্তর্জাতিক ভাবে পরিচিতি ও প্রকাশের জন্য বেউথা ঘাট মোড়ে লোক সংগীত আর হাজারী গুড় মানিকঞ্জের প্রাণের সুর প্রতিপাদ্যকে ধারণ করে হাজারি গুড়ের প্রতিকৃতি স্থাপন, জেলা প্রশাসকের কার্যালয় সংলগ্ন ঘড়ি নির্মান ও মানিকগঞ্জ বাসস্ট্যান্ড বঙ্গবন্ধুর মোড়াল স্থাপন করা যেতে পারে। কমিটির সম্মানিত সদস্য জনাব মোঃ করিম বিশ্বাস, ভারপ্রাপ্ত অধ্যক্ষ, বেগম জরিনা কলেজ, মানিকগঞ্জ- সভাকে অবহিত করেন যে, দীর্ঘ দিনের অভিজ্ঞতা সম্পন্ন মেয়রের উপরোক্ত নেওয়া সময় উপযোগী উদ্যোগ সমূহকে স্বাগত ও ধন্যবাদ জানান এবং উক্ত কাজ বাস্তবায়ন বিষয়ে ০৫ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠণ করার পরামর্শ দেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়।

**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনান্তে IUGIP প্রকল্পের মাধ্যমে বেউথা ঘাট মোড়ে হাজারি গুরের প্রতিকৃতি স্থাপন, জেলা প্রশাসকের কার্যালয় সংলগ্ন ঘড়ি নির্মান ও মানিকগঞ্জ বাসস্ট্যান্ডে বঙ্গবন্ধুর মোড়াল স্থাপন করার বিষয়ে উপস্থিত সকলেই সম্মতি জ্ঞাপন করেন এবং উক্ত কাজ বাস্তবায়নের জন্য নিম্ন লিখিত ০৫(পাঁচ) সদস্য বিশিষ্ট কমিটি গঠণ করা হলো।

০১। জনাব আ.ন.ম গিয়াস উদ্দিন খান, নির্বাহী প্রকৌশলী, মানিকগঞ্জ পৌরসভা।
০২। জনাব মোঃ তছলিম মিয়া, প্যানেল মেয়র-২, মানিকগঞ্জ পৌরসভা।
০৩। জনাব ডা. জেসমিন আক্তার, প্যানেল মেয়র-৩, মানিকগঞ্জ পৌরসভা।
০৪। জনাব মোঃ ফারুক হোসেন, সদস্য, শহর সমন্বয় কমিটি।
০৫। জনাব আব্দুল করিম বিশ্বাস, সদস্য, শহর সমন্বয় কমিটি।

**আলোচ্য সূচি-৩ ঃ** **হ্যালোবাইক, অটোরিক্সার লাইসেন্স প্রদান সংক্রান্ত আলোচনা ঃ**

**আলোচনা ঃ** মেয়র সভাকে জানান যে, মানিকগঞ্জ শহরটি ছোট্ট একটি শহর। চলাচলের রাস্তা ও সীমিত। তাই পৌর এলাকায় চলাচলরত হ্যালোবাইক, অটোরিক্সা, ভ্যান সমূহের লাইসেন্সে দেওয়া প্রয়োজন বলে আমি মনে করি। যদিও আদালতে অটোরিক্সার লাইসেন্স প্রদানের বিষয়ে নিষেধাজ্ঞা রয়েছে। কিন্ত তাদের জীবন জীবিকার বিষয়ে চিন্তা ভাবনা করে দেখা গেছে তাদের ইঞ্জিন চালিত যানবাহনের লাইসেন্স দেওয়া প্রয়োজন। তাদের গাড়ি পুলিশ ধরলেই ২/৩ হাজার টাকা জরিমানা করে থাকে। তাই আমি ব্যক্তিগত ভাবে রাজশাহীর মত বড় বড় শহর পরিদর্শণ করেছি। সেখানকার সিটি কর্পোরেশনের মেয়রের সহিত এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়েছে। রাজশাহী সিটি কর্পোরেশন ইঞ্জিন চালিত অটোরিক্সা সমূহের লাইসেন্স প্রদান করেছেন। তাই উপস্থিত সকল সদস্যদের মতামত চান যে মানিকগঞ্জ শহরে চালিত হ্যালোবাইক, ইঞ্জিন চালিত অটোরিক্সা, ইঞ্জিন চালিত ভ্যান সমূহের



মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

লাইসেন্স প্রদান করা যায় কিনা ? লাইসেন্স প্রদান করা হলে গরিব মেহনতি মানুষ পুলিশের জরিমানার হাত হতে রক্ষা পাবে। এ বিষয়ে টিএলসিসি কমিটির সম্মানিত সদস্য জনাব গোলাম ছারোয়ার ছানু, সভাপতি, প্রেস ক্লাব, মানিকগঞ্জ- সভাকে অবহিত করেন যে, মানিকগঞ্জ শহরের রাস্তার পরিধির বিবেচনায় হ্যালোবাইক, ইঞ্জিন চালিত অটোরিক্সা, ইঞ্জিন চালিত ভ্যান সমূহের লাইসেন্স প্রদানের বিষয়টি বিবেচনায় রাখতে হবে। পৌরসভার মাধ্যমে সিদ্ধান্ত নিতে হবে কতগুলো হ্যালোবাইকের লাইসেন্স প্রদান করা হবে এবং কতগুলো ইঞ্জিন চালিত অটোরিক্স/ভ্যান গাড়ির লাইসেন্স প্রদান করা হবে। শুধু লাইসেন্স প্রদান করলে হবেনা। লাইসেন্স পাওয়ার পর গাড়ি গুলির রাস্তায় সংকুলান হতে হবে। বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

**সিদ্ধান্ত** ঃ বিস্তারিত আলোচনান্তে মানিকগঞ্জ পৌরসভার মাধ্যমে হ্যালোবাইকের সর্বমোট ৭৫০টি, ইঞ্জিন চলিত অটোরিক্সা/ভ্যানগাড়ির জন্য ১৫০০টি লাইসেন্স দেওয়ার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে সুপারিশ গৃহিত হলো।

**বিবিধ -১** ঃ **সার্বিক বিষয় সমূহ আলোচনা ঃ**

**আলোচনা** ঃ (ক) জনাব মোঃ আব্দুস ছালাম, পশ্চিম সেওতা, মানিকগঞ্জ- সদস্য শহর সমন্বয় কমিটি সভাকে জানান যে, আমরা এলাকাবাসি পৌর নাগরিক সুবিধা হতে বঞ্চিত হচ্ছে। আমাদের অতি দুঃক্ষ ও পরিতাপের বিষয় হলো আমাদের এলাকায় মুন্সিখালিতে নতুন একটি পানির পাম্প স্থাপিত হয়েছে কিন্তু এই মাহে রমজান মাসে এলাকাবাসি পানি পাচ্ছেনা। মসজিদে আগত মুসুল্লিগণ পানির অভাবে অযু করতে পারেনা। বিষয়টি গুরুত্বের সহিত খতিয়ে দেখা প্রয়োজন বলে আমরা এলাকা বাসি মনে করি। তিনি আরো বলেন পশ্চিম সেওতা কবরস্থানের নিকট স্তুপকৃত ময়লা অপসারণ করা হয়না। স্তুপকৃত ময়লার কারনে মুসুল্লিদের অসুবিধার সৃষ্টি হচ্ছে।

(খ) টিএলসিসি কমিটির সম্মানিত সদস্য জনাব গোলাম ছারোয়ার ছানু, সভাপতি, প্রেস ক্লাব, মানিকগঞ্জ- উপস্থিত সকলকে ধন্যবাদ ও সালাম জানান। তিনি সভাকে অবহিত করেন যে, মানিকগঞ্জ শহরটি বর্তমানে চলাচলের অযোগ্য হয়ে পড়েছে। শহরের মাঝের রাস্তাটি সরু হওয়াতে প্রায় সময় যানজট লেগেই থাকে। তার মধ্যে শহরের মাঝের খালের সৌন্দর্য্য বর্ধনের কাজ চলমান রয়েছে। খালের সৌন্দর্য্য বর্ধনের কাজ বাস্তবায়নের সুবিধার্থে ইতোমধ্যে গঙ্গাধরপট্টি রাস্তায় যান চলাচলে নিষেধাজ্ঞার মাইকিং/বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। এর ফলে জন-সাধারণের দুর্ভোগ আরো বৃদ্ধি পেয়েছে। তিন আরো বলেন ইদানিং লক্ষ করা যাচ্ছে যে, শহরের রাস্তা সমূহে যথা সময়ে ঝাড়ু না দিয়ে সকাল ১০.০০ ঘটিকার সময় ঝাড়ু দেয়। যাহা কাম্য নয়। শহরে যত্রতত্র পার্কিং সহ ভাসমান দোকান পাট উচ্ছেদ করা অতীব জরুরী। গঙ্গধরপট্টি এলাকায় বিভিন্ন ডেভেলপারগণ রাস্তার উপর মালামাল রেখে যানযটের সৃস্টি করে আসছে। এসব সমস্য সমাধানে অর্থের প্রয়োজন হবে। পৌর কর্তৃপক্ষের সৎ ইচ্ছাই যতেষ্ট বলে আমি মনে করি। তিনি আরো বলেন, বাংলাদেশের সর্বোচ্চ পুরুস্কারের মধ্যে স্বাধীনতার পুরুস্কার সর্বশ্রেষ্ট। মানিগঞ্জের কৃতি সন্তান ডাঃ মোবারক হোসেন সেই সর্বশ্রেষ্ঠ স্বাধীনতার পুরুস্কারটি পেয়েছেন। স্বাধীনতার পুরুস্কার পাওয়া সেই কৃতি সন্তান আমাদের গঙ্গাধরটি পট্টি এলাকার বাসিন্দা। পত্রিকার মাধ্যমে জানা যায় পরিবেশ নিয়ে গবেষণার লক্ষে প্রকল্প গ্রহণের জন্য মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা ১০০(একশত) কোটি বরাদ্দ প্রদান করেছেন। মানিকগঞ্জ পৌরসভার উন্নয়ন কাজ অব্যাহত রাখার স্বার্থে স্বাধীনতার পুরুস্কার পাওয়া ডাঃ মোবারক হোসেনের সহিত যোগাযোগের মাধ্যমে উন্নয়ন মূলক কাজ বাস্তবায়নের ক্ষেত্রে বিভিন্ন ধরনের পরামর্শ গ্রহণ করা যেতে পারে।

(গ) জনাব কাজী শিউলী, সদস্য শহর সমন্বয় কমিটি, মানিকগঞ্জ পৌরসভা- সভাকে অবহিত করেন যে, শহরের মাঝের রাস্তাটি মটর সাইকেলেই দখল করে রাখে। মটর সাইকেল সমূহ রাস্তার উভয়



মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

পার্শ্বে যত্রতত্র পর্কিং এর ফলে মারাত্মক ধরনের যানযটের সৃষ্টি হয়। রাস্তার উপর যাহাতে মটর সাইকেল না রাখতে পারে পৌরসভার মাধ্যমে তার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন বলে আমি ব্যক্তিগত ভাবে মনে করি। তিনি আরো বলেন শহরের মাঝ দিয়ে যে সমস্ত হেলোবাইক চলাফেরা করে সেই সমস্ত হ্যালোবাইকের একপার্শ্বে রড লাগানো ছিল। হ্যালোবাইকের মালিকগণ উক্ত রড খুলে ফেলেছে। এতে করে দুর্ঘটনার মাত্রা দিনদিন বৃদ্ধি পাচ্ছে। যে সকল হ্যালোবাইকের রড খুলে ফেলেছে পৌরসভার মাধ্যমে তাদের বিষয়ে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন।

(ঘ) জনাব মোঃ তছলিম মিয়া, কাউন্সিলর, ০৩নং সাধারণ ওয়ার্ড ও প্যানেল মেয়র-২, সভাকে অবহিত করেন যে, মানিকগঞ্জ পৌরসভার বিভিন্ন রাস্তার যানযট নিরসন, অবৈধ যানবাহন ও ভ্রাম্যমান দোকান অপসারণ সংক্রান্ত কমিটির সিদ্ধান্তে ধারাবাহিকতা বজায় রাখার স্বার্থে পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে জনসাধারণের কল্যাণে পুনঃরায় পৌরসভার গুরত্বপূর্ণ রাস্তার যানযট নিরসন, অবৈধ যানবাহন ও ভ্রাম্যমান দোকান অপসারণের অভিযান পরিচালনা করা বিশেষ প্রয়োজন। তিনি আরো বলেন আমার নির্বাচনী এলাকার জনসাধারণ পানির অভাবে দুর্বিসহ জীবন পরিচালন করছে। পানির আরেক নাম জীবন। তাই যে কোন পন্থায় জনসাধারণকে পৌরসভার মাধ্যমে পানির চাহিদা পুরণ করতে হবে বলে আমি ব্যক্তিগত ভাবে মনে করি। তিনি আরো বলেন রাস্তায় যত্রতত্র মটর সাইকেল রেখে শহরের সরু রাস্তা আরো সরু করে ফেলে এতে মারাত্মক ধরনের যানযটের সৃষ্টি হয়। শহরে আগত মটর সাইকেল সমূহ নির্দিষ্ট স্থানে রাখার বিষয়ে পরিকল্পনা গ্রহণ করা যেতে পারে। আমার মনে হয় মানিকগঞ্জ পৌরসভার পুরাতন অফিস ভবনের স্থানে পার্কিং এর ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। পুরাতন অফিস ভবনের স্থানে অস্থায়ী আনন্দ মেলার আয়োজন করা হয়েছে। জনস্বার্থে উক্ত স্থানে মেলার পরিবর্তে গ্যারেজ নির্মাণ করলে পৌরসভা আর্থিক দিক হতে ও লাভবান হবে বলে আমার মনে হয়। তিন আরো বলেন, অভিযান পরিচালনার সময় অবৈধ যানবাহন আটক করলে অভিযানের পরপরই বিভিন্ন সুপারিশ আসতে থাকে আটক করা অবৈধ যানবাহন ছেড়ে দেওয়ার জন্য। এতে করে অভিযানের সুফল পাওয়া যায়না। রাস্তার মাঝে অবৈধ ভাসমান দোকানদারদের সকালে উচ্ছেদ করলে বিকেলে দেখা যায় সেই আগের রূপ হয়েছে। তাদের ব্যবসার মালামাল অভিযানের মাধ্যমে ক্রোক করা হয়েছে। তার পরও উচ্ছেদের পর তারা কার ইশারায় পুনরায় আবার ভাসমান দোকান পুনঃরায় বসায় বিষয়টা খতিয়ে দেখা প্রয়োজন বলে আমি মনে করি।

(ঙ) জনাব আব্দুর রাজ্জাক রাজা, কাউন্সিলর, ০৫ নং সাধারণ ওয়ার্ড ও প্যানেল মেয়র-১, মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ- সভাকে জানান যে, কয়েকদিন পূর্বে পানি সংকটের বিষয়ে মিডিয়ার চ্যানেলে মিথ্যা একটি প্রতিবেদন প্রকাশ হয়েছে। উক্ত মিথ্যা প্রতিবেদনের বিষয়ে আমাদের সোচ্চার হওয়া প্রয়োজন। তিনি বলেন যে প্রতিবেদনটি প্রকাশিত হয়েছে, প্রতিবেদনটি আমার নির্বাচনী এলাকায়। প্রতিবেদনকারী আমার কোন সাক্ষাতকার নেয়নি। আমি মনে করি প্রতিবেদনটি সম্পূর্ণ ভিত্তিহীন। তাই পৌরসভার মাধ্যমে জোরালো প্রতিবাদ জানানো প্রয়োজন। তার কারন প্রতিবেদনে যে স্থানে শেওলা দেখানো হয়েছে সে শেওলা স্থানের পানি পিউরিফাইড হয়না। সম্পূর্ণ ভিত্তিহীন প্রতিবেদন দেখিয়েছে। প্রতিবেদন দেখার পর আমি সরেজমিনে পরিদর্শন করে দেখেছি, এলাকাবাসি সত্যিইকি পানি পায়না। সরেজমিনে আমি দেখতে পাই নিয়মিত ভাবে তারা পানি পাচ্ছে।

(চ) জনাব মোঃ জাহাঙ্গীর আলম বিশ্বাস, সদস্য শহর সমন্বয় কমিটি, মানিকগঞ্জ পৌরসভা- সভাকে অবিহিত করেন যে, অদ্যকার সভা চলাকালীন সময়ে শৃঙ্খলার ঘাটতি রয়েছে। তিনি বলেন আগামীতে যে সমস্ত সভা হবে আশা রাখি শৃঙ্খলার সহিত হবে। তিনি বলেন পূর্বের বক্তাদের বক্তব্য মনোযোগ



মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

সহকারে শুনলাম। পৌরসভার অভ্যন্তরে অনেক সমস্যা রয়েছে। যে কোন মূল্যে তা সমাধান করতে হবে। বৎসর চলে গেলো খালের সৌন্দর্য্য বর্ধন কাজের অগ্রগতি লক্ষ করা গেলোনা কিন্তু এই মূহূর্তে কেন যেন রাস্তাটি বন্ধের সিদ্ধান্ত নেওয়া হলো আমার বিবেচনায় আসেনা। সর্বপরি পবিত্র ঈদ-উল-ফিতরের পূর্বে গঙ্গাধরপট্টি রাস্তার উন্নয়ন মূলক কাজ শুরু করা সমীচিন হয়নি। ঈদের পরে কাজটি শুরু করলে জনসাধারণ উপকৃত হতো। আমি যে এলাকাতে বসবাস করি সে এলাকাতে প্রায় ৯ (নয়) মাস যাবত পানির সমস্যা। পৌরসভার পানি সরবরাহ শাখার মাধ্যমে উক্ত সমস্যা সমাধান করছেনা। কর্তপক্ষ, কর্মকর্তা/কর্মচারীদের কোন প্রকার নির্দেশনা প্রদান করলে তা মানে না। কর্মচারীরা কাজের কোন ফিট ব্যাগ দেননা। এখানেই আমার দুক্ষ। মুন্সি খালিতে এত টাকার প্রকল্প গ্রহণ করে জনসাধারণ যদি পানির সুবিধা ভোগ না করতে পারে তাহলে প্রকল্প গ্রহণের সফলতা কোথায়। আমার মনে হয় স্থানীয় কাউন্সিলরের সমন্বয়ে তদারকি কমিটি গঠন করে সরেজমিনে পরিদর্শণ করে পানির যাবতীয় ত্রুটি বিচ্যুতি নির্ণয় করা প্রয়োজন। ত্রুটি সমূহ নির্ণয়ের পরে সমাধানের আপ্রান প্রচেষ্টার পর জনসাধারণ পানির সুফল পেতে পারে বলে আমি মনে করি।

(ছ) জনাব মনিরুল ইসলাম মিহির, সদস্য, শহর সমন্বয় কমিটি, মানিকগঞ্জ পৌরসভা- সভাকে অবহিত করেন যে, মেয়র ইতোপূর্বের সভায় পৌরসভার এলাকা বৃদ্ধির বিষয়ে ইঙ্গিত প্রদান করেছিলেন। তাই পৌর এলাকা বৃদ্ধির কাজের অগ্রগতি অবহিত হলে আমাদের জন্য ভাল হয়। তিনি আরো বলেন, কথায় আছে প্রদীপের নিচে অন্ধকার। আমরা প্রথম শ্রেণীর পৌরসভার নাগরিক হয়েও বিভিন্ন সুযোগ সুবিধা হতে বঞ্চিত হচ্ছি। আমাদের এলাকাতে পানি নেই, রাস্তা নেই। শহরে প্রবেশ করার মত কোন রাস্তা নেই। তাই আমি মনে করি কান্দরকান্দি কুদ্দুসের বাড়ি হতে নওখন্ডা সালামের বাড়ি পর্যন্ত রাস্তাটির উন্নয়ন কাজ বাস্তবায়ন করলে আমাদের এলাকাবাসি উপকৃত হবে।

(জ) জনাব মোঃ ফারুক হোসেন, সদস্য, শহর সমন্বয় কমিটি সভাকে অবহিত করেন যে, পৌরসভার কর্মকর্তা/কর্মচারীগণ পরিষদের সিদ্ধান্ত সমূহ আমলে নেন না। তার কারনে পরিষদের সিদ্ধান্ত সমূহ বাস্তবায়িত হলে মেয়রের হয়রানি হতে হয়না। পৌর নাগরিকদের নাগরিক সুবিধা সমূহ বাস্তবায়নে মনিটরিং সেল তৈরী করা আবশ্যক। এলাকাতে পানি থাকে না বিদ্যুৎ থাকে না। কেউ দেখার নেই। কোন কোন খোজ খবর রাখেনা। আমি বিশ্মিত হই যে, আমরা প্রথম শ্রেণীর নাগরিক হওয়া সত্ত্বেও বিভিন্ন ধরনের নাগরিক সুবিধা হতে বঞ্চিত হচ্ছি। তাই পৌর পরিষদের নাগরিক সুবিধা সমূহের বিষয়ে মনোনিবেশ করা একান্ত প্রয়োজন বলে আমি মনে করি। দেখতে দেখতে বর্তমান পরিষদের ০৩(তিন) বৎসর অতিবাহিত হয়েছে। সামনে আছে মাত্র ০২(দুই) বৎসর। তাই পৌর নাগরিকগণ যেন পৌর পরিষদের উপর সন্তুষ্ট থাকে সে লক্ষে পৌর পরিষদের এখনই প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা দরকার। আমি ব্যক্তিগত ভাবে মনে করি, পানির যে সমস্ত ছোট খাট ভুল বা লিকেজ রয়েছে তা গুরুত্বের সহিত বিবেচনায় এনে কার্যকরি পদক্ষেপ গ্রহণ করা। নতুবা দুষ্ট চক্র পৌর পরিষদের বিরুদ্ধে বিভিন্ন সময় বিভিন্ন প্রতিবেদন প্রকাশে উৎফুল্ল হবে। এতে করে পৌরসভার এবং আমাদের ভাবমুর্ত্তি ক্ষুন্ন হবে।

(ঝ) জনাব নীনা রহমান, সদস্য, শহর সমন্বয় কমিটি সভাকে অবহিত করেন যে, মানিকগঞ্জ শহরে অবস্থিত চাঁন মিয়া লেনের রাস্তাটি চলাচলের অযোগ্য হয়ে পড়েছে। তার কারন বিভিন্ন ভবনের মালিকগণ রাস্তার বেশির ভাগ দখল করে আছে। কেউ কেউ রাস্তা পর্যন্ত উচু করে সিমেন্টের ঢালাই করেছে। আবার বড়বড় ভবন মালিকগণ প্রায় সময় পানির লাইন ছেড়ে দিয়ে রাখে। এতেকরে রাস্তার



মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

মাঝে পানি অনবরত পরতে থাকে এর কারনে রাস্তায় চলাচলে বিঘ্ন সৃষ্টি হয়। পৌরসভার মাধ্যমে সরেজমিনে পরিদর্শণ পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।

(ঞ) জনাব মোঃ জাফর শেখ, সদস্য, শহর সমন্বয় কমিটি সভাকে অবহিত করেন যে, এখন পর্যন্ত বর্ষা মৌসুম শুরু হয়নি তাই বেউথা প্রাইমারী স্কুলের রাস্তাটিতে এবং বেউথা কাঁচা বাজারের সামনের রাস্তাটিতে পানি জমে কাদার সৃষ্টি হয়ে আছে। জনসাধারণের চলাচলে বিঘ্ন সৃষ্টি হচ্ছে। বিভিন্ন সময় হ্যালোবাইক, মটর সাইকেল, রিক্সা সমূহ উল্টে যানমালের ক্ষতি সাধিত হয়। বিষয়টি গুরুত্বের সহিত সমাধান করা প্রয়োজন বলে আমি মনে করি।

**সিদ্ধান্ত** ঃ বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত সমুহ বাস্তবায়নের সুপারিশ করা হলো।

(১) মানিকগঞ্জ পৌরসভার পানি সরবরাহকৃত এলাকায় পানি প্রদানের সুপারিশ করা হলো। পানি প্রদানের ক্ষেত্রে যাবতীয় সমস্যা সীমিত সম্পদের মাধ্যমে উৎকৃষ্ট কৌশল অবলম্বন করে পানির সমস্যা সমাধানের সুপারিশ গৃহিত হলো।

(২) শহরের বিভিন্ন রাস্তা নিদিষ্ট সময়ে ঝাড়ু দেওয়ার বিষয়ে সুপারিশ করা হলো এবং পৌরসভা কর্তৃক কর্মপরিকল্পনা অনুমোদনের সুপারিশ করা হলো।

(৩) রাস্তার যানযট এরানোর জন্য হকার, অবৈধ্য দোকান এবং ভাম্রমান ভ্যান সমূহ উচ্ছেদের অভিযান পরিচালনা অভ্যাহত রাখার সুপারিশ গৃহিত হলো।

(৪) মানিকগঞ্জ শহরে অবস্থিত রাস্তাটির পার্শে বর্ধিতকরণ, রাস্তার মাঝে বিভিন্ন ভবনের ছাদের পানি অপসারণ বিষয়ে সুপারিশ গৃহিত হলো।

(৫) কর্মকর্তা কর্মচারীদেরকে দায়িত্বশীলতার সহিত চেন অফ কমান্ড মেনে কাজ করার সুপারিশ গৃহিত হলো।

(৬) পৌর সভার পানি সরবরাহ ও রাস্তা নির্মানে বিষয়ে কে বা কাহারা পৌরসভার বিরুদ্দের বিভিন্ন সমস্যা দিয়ে প্রতিবেদন প্রকাশ করেছে। যাহা কাম্য নয়। এ বিষয়ে সীমিত সম্পদের মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন সহ পৌরসভার পক্ষে উল্লেখিত বিষয়ে জোরালো প্রতিবাদ প্রেরনের সুপারিশ গৃহিত হলো।

**বিবিধ -২** ঃ **নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন (IUGIP) প্রকেল্পর নির্দেশনা মোতাবেক প্রকল্প গ্রহণ ও প্রাক্কলন অনুমোদনের সুপারিশ প্রসঙ্গে।**

**আলোচনা** ঃ সভার নির্বাহী প্রকৌশলী জানান যে, পৌরসভা পিডিপি অনুসারে সংশোধিত (৫) টি প্রকল্প ও ৫৯,২৯,৩২,৪৪৪.০০ (উনষাট কোটি ঊনত্রিশ লক্ষ বত্রিশ হাজার চারশত চুয়াল্লিশ) টাকার প্রাক্কলন তৈরী করা হয়েছে। যাহা দ্রুত টি এল সি সি সভায় সুপারিশ পূর্বক প্রকল্প অফিসে প্রেরন করা প্রয়োজন। এ বিষয়ে মেয়র সকলকে জানান যে, পর্যায়ক্রমে পৌরসভার বিভিন্ন প্রকল্প গৃহিত হবে প্রথম প্যাকেজে পৌরসভা কর্তৃক তৈরীকৃত প্রকল্প প্রেরণ করা যেতে পারে। এ বিষযে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়।

**সিদ্ধান্ত** ঃ বিস্তারিত আলোচনান্তে পিডিপি মোতাবেক সংশোধিত (৫) টি প্রকল্প ও প্রকল্পের বিপরীতে সর্বমোট ৫৯,২৯,৩২,৪৪৪.০০ (উনষাট কোটি ঊনত্রিশ লক্ষ বত্রিশ হাজার চারশত চুয়াল্লিশ) টাকার প্রাক্কলন অনুমোদন দেওয়ার সুপারিশ সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।



মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

পরিশেষে অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ রমজান আলী)
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা,মানিকগঞ্জ।
ও
চেয়ারপারসন
পৌরসভা শহর সমন্বয় কমিটি (TLCC)
ফোন নম্বর ঃ ০২-৯৯৬৬১০৪০৩
manikganj_municipality@yahoo.com

মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

স্মারক নং- মাপৌ/ প্রশাঃ-সাধাঃ-২০২৪/৪০০ তারিখ ঃ ২০/০৩/২০২৪ খ্রি.

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো ঃ-**

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

০২। প্রকল্প পরিচালক, নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প, এলজিইডি, শের-ই-বাংলা নগর, আগারগাও,ঢাকা

০২। জেলা প্রশাসক, মানিকগঞ্জ

০৩। উপ-পরিচালক (উপসচিব), স্থানীয় সরকার, মানিকগঞ্জ

০৪। জনাব..................................................................কাউন্সিলর(সকল), মানিকগঞ্জ পৌরসভা

০৫। পৌর নির্বাহী কর্মকর্তা, মানিকগঞ্জ পৌরসভা

০৬। নির্বাহী প্রকৌশলী, মানিকগঞ্জ পৌরসভা

০৭। জনাব ..........................................পদবি...................শাখা....................মানিকগঞ্জ পৌরসভা

০৮। প্রধান সহকারী, মানিকগঞ্জ পৌরসভাকে সংশ্লিষ্ট কার্যবিবরণী পৌরসভার নিজস্ব ওয়েব সাইটের নোটিশ বোর্ডে প্রকাশের জন্য বলা হলো

০৯। সংশ্লিষ্ট নথি

মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ
ও
চেয়ারপার্সন
পৌরসভা শহর সমন্বয় কমিটি (TLCC)

মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।